পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা- ৭০০ ০০১

নং-২২৮৪(৩৭)-আর.ডি./এস.জি.এস.ওয়াই./২০এম.-১৩/২০০৫ তারিখ ঃ ২৮ শে মার্চ, ২০০৭

প্রেরকঃ
ডঃ মানবেন্দ্র নাথ রায়, আই.এ.এস.
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপকঃ
১ - ১৮) সভাধিপতি
.................................................................. জেলা / মহকুমা পরিষদ।
১৯) প্রধান সচিব
দার্জিলিঙ হিল কাউন্সিল।
২০ - ৩৭) জেলা শাসক
.................................................................. জেলা।

## বিষয়--সংঘ ও উপসংঘ গঠনের নিয়মাবলী

মহাশয় / মহাশয়া,

আপনারা অবগত আছেন যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর গ্রামের দরিদ্র মহিলাদের সশক্তিকরণের উদ্দেশ্যে গ্রাম পঞ্চায়েত স্তরে স্বনির্ভর দলের সংঘ এবং ব্লক স্তরে মহাসংঘ গঠনের উদ্যোগ নিয়েছেন। রাজ্যের ১৫টি পাইলট ব্লকে পরীক্ষামূলকভাবে এই কাজটি শুরু হয়েছে। রাজ্যের অন্যান্য ব্লকেও সংঘ গঠনের কাজটি রূপায়ন করার জন্য রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। গ্রাম সংসদ স্তরে উপসংঘ ও গ্রাম পঞ্চায়েত স্তরে সংঘ গঠনের নিয়মাবলী আপনাদের জানানো হচ্ছে।

১) গ্রামোন্নয়ন দপ্তরের নির্দেশ অনুযায়ী ২০ -৩০টি মহিলা স্বনির্ভর দল নিয়ে গ্রাম পঞ্চায়েত স্তরে সংঘ গঠন করা হয়। একটি গ্রাম পঞ্চায়েতে অধিক স্বনির্ভর দল গঠিত হলে প্রয়োজনে দু-তিনটি সংঘ গঠন করা হচ্ছে। একটি সংঘে স্বনির্ভর দলের সংখ্যা খুব কম বা খুব বেশী হলে সংঘ পরিচালনার কাজটি শক্ত হয়ে দাঁড়ায়। এজন্য সংঘে স্বনির্ভর দলের সংখ্যা সীমিত রাখা হয়েছে।

২) অভিজ্ঞতায় দেখা যাচ্ছে যে একটি গ্রাম পঞ্চায়েতে অধিক সংখ্যক সংঘ তৈরী হলে তাদের নিজেদের মধ্যে যোগাযোগের কাজটি সুষ্ঠু হচ্ছে না। যেহেতু গ্রাম পঞ্চায়েতের উপর স্বনির্ভর দলের দেখাশোনার দায়িত্ব দেওয়া হয়েছে, একটি গ্রাম পঞ্চায়েতের পক্ষে দু-তিনটি সংঘকে আলাদা আলাদা ভাবে দেখাশোনা করা মুশকিল। এছাড়া ভিন্ন ভিন্ন সংঘের মধ্যে সমন্বয় ঘটানোর কাজটিও বেশ শক্ত। তাই গ্রাম পঞ্চায়েত স্তরে সকল স্বনির্ভর দলকে একই ছত্রছায়ায় এনে সংঘ গঠনের কথা ভাবা হচ্ছে। একটি গ্রাম পঞ্চায়েতে স্বনির্ভর দলের সংখ্যা যতই হোক না কেন, একটি গ্রাম পঞ্চায়েতে একটিই সংঘ তৈরী করা যাবে। বিভিন্ন দপ্তর / প্রতিষ্ঠানের তৈরী সকল স্বনির্ভর দলকেই সংঘের সদস্য করা যাবে।

৩) গ্রাম পঞ্চায়েতের ৫০ - ১০০টি বা তার অধিক স্বনির্ভর দল গঠিত হলে একটি সংঘের পক্ষে প্রত্যক্ষভাবে এতগুলি দলের তদারকি করা শক্ত। তাই গ্রাম সংসদ স্তরে উপসংঘ গঠন করা উচিত। অর্থাৎ একটি সংসদে যতগুলি স্বনির্ভর দল আছে তাদের একই ছত্রছায়ায় এসে উপসংঘ গঠন করতে হবে। এই উপসংঘগুলির কোনো ব্যাংক অ্যাকাউন্ট থাকবে না। এই উপসংঘ যাতে সদস্য দলগুলিকে ঠিক মতো তদারকি ও পরিচালনা করতে পারে এজন্য প্রতিটি উপসংঘে একটি পরিচালন সমিতি থাকবে। প্রতিটি সদস্য দলের দলনেত্রী ও সম্পাদক/সম্পাদিকা ঐ পরিচালন সমিতির সদস্য হবে।

ঐ পরিচালন সমিতি তাদের সদস্যদের মধ্য থেকে সভানেত্রী ও সম্পাদিকা নির্বাচন করবে। প্রতি ১ বছর অন্তর পদাধিকারী পরিবর্তন করা যেতে পারে। কোনো পুরুষ সদস্য এবং নির্বাচিত জনপ্রতিনিধকে পদাধিকারী হিসাবে নির্বাচিত করা যাবে না। যেহেতু স্বনির্ভর দলের সদস্যদের মধ্যে ৯০ শতাংশই মহিলা, তাই পদাধিকারী হিসাবে মহিলা প্রতিনিধিই নির্বাচিত হবে। গ্রাম উন্নয়ন সমিতিতে স্বনির্ভর দলের প্রতিনিধি অন্তর্ভূক্তির জন্য নির্বাচনের দায়িত্ব উপসংঘকে দিতে হবে।

৪) গ্রাম পঞ্চায়েত এলাকার প্রতিটি উপসংঘের দু-জন প্রতিনিধি অর্থাৎ সভানেত্রী ও সম্পাদিকাদের নিয়ে গঠিত হবে স্বনির্ভর দলের সংঘের পরিচালন সমিতি। পরিচালন সমিতি তাদের মধ্য থেকে ৩ জন পদাধিকারী-- সভানেত্রী, সম্পাদিকা এবং কোষাধ্যক্ষা নির্বাচন করবে। এরাই হবেন সংঘের নির্বাচিত সভানেত্রী, সম্পাদিকা এবং কোষাধ্যক্ষা। যেহেতু গ্রাম সংসদের উপসংঘের প্রতিনিধিদের নিয়েই সংঘ গঠিত হচ্ছে সেহেতু গ্রাম পঞ্চায়েত এলাকার সকল সংসদ এলাকারই প্রতিনিধিত্ব থাকবে। ফলে দল তদারকি ও সমস্যা চিহ্নিতকরণের কাজটি সহজ হবে।

৫) প্রতিটি উপসংঘকে সদস্য-চাঁদা ও ভর্তি-ফি সংঘকে দিতে হবে। এই চাঁদার পরিমান উপসংঘে স্বনির্ভর দলের সংখ্যা অনুযায়ী নির্ধারিত হবে। সংঘের নামে একটি ব্যাংক অ্যাকাউন্ট থাকবে এবং পদাধিকারীদের মধ্য থেকে যে কোনো দু-জনের স্বাক্ষরে টাকা তোলা যাবে।

৬) গ্রাম পঞ্চায়েত এলাকার সমস্ত দল দেখাশোনার ভার এই সংঘের উপরে ন্যস্ত থাকবে। পঞ্চায়েতের নির্বাহী সহায়ক সংঘকে তার দৈনন্দিন কাজকর্ম চালানোর ব্যাপারে সাহায্য করবেন এবং তিনিই হবেন এই ব্যাপারে পঞ্চায়েতের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক। পঞ্চায়েতের উন্নয়নমূলক কাজকর্মের রূপায়ণের ব্যাপারে পঞ্চায়েত যথাসম্ভব সংঘকে দায়িত্ব দেবে। এটি যেমন সংঘগুলির সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে এবং সঙ্গে সঙ্গে পরিষেবাগুলি সহজেই সংঘের মাধ্যমে জনসাধারণের কাছে পৌঁছে যাবে। সক্রিয় সংঘ গঠনের জন্য গ্রাম পঞ্চায়েতকে উদ্যোগ নিতে হবে। এ ব্যাপারে পঞ্চায়েত সদস্য, নির্বাহী সহায়ক ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিদের সকলেরই প্রশিক্ষণ প্রয়োজন। ব্লক ও জেলা স্তরে এই প্রশিক্ষণের আয়োজন করা হবে।

৭) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ থেকে প্রকাশিত ২৭-০৩-২০০৬ তারিখের ১৮৯৫(৩৬)/১৯সি.--৩/০৬ নং নির্দেশনামায় গ্রাম পঞ্চায়েতের সংলগ্ন এলাকায় সংঘের একটি অফিস খোলার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সংঘ গঠনের সঙ্গে সঙ্গেই এ ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য পঞ্চায়েত প্রধানকে নির্দেশ দেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে। যতদিন সংঘের নিজস্ব ঘর তৈরী না হচ্ছে ততদিন গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের একটি ঘর তাদের ব্যবহার করতে দিতে হবে।

৮) গ্রাম পঞ্চায়েত এলাকার সকল স্বনির্ভর দলের তথ্য রাখার জন্য সংঘকে দায়িত্ব দেওয়া যেতে পারে। এ সম্পর্কে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে ১৮-১২-২০০৬ তারিখে ১৪৮/জে.এস.(ডি.জি.)/২০০৬ নং নির্দেশনামা দেওয়া হয়েছে। তবে এক্ষেত্রে সংঘটি মূল্যায়নের ভিত্তিতে সক্ষমতা অর্জন করেছে সে সম্পর্কে নিশ্চিন্ত হয়ে তবেই এই কাজের দায়িত্ব পাবে। এ সম্পর্কে পৃথকভাবে স্পষ্টিকরণ পাঠানো হচ্ছে।

৯) সংঘ গঠনের পরে পঞ্চায়েত এলাকায় দলগঠনের কাজটি করার ব্যাপারে সংঘকে দায়িত্ব দেওয়া যেতে পারে। এই বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের দায়িত্ব জেলাকে নিতে হবে। স্বনির্ভর দলের সদস্যদের দল পরিচালনার প্রশিক্ষণ, খাতাপত্র ঠিকমতো রাখা ইত্যাদি বিষয়ে সংঘগুলিকেই উদ্যোগ নিতে হবে। প্রতি সংঘ থেকে অন্ততপক্ষে দুজন প্রশিক্ষক তৈরী করতে হবে। প্রশিক্ষকের প্রশিক্ষণের দায়িত্ব জেলা গ্রামোন্নয়ন সেলকে নিতে হবে। প্রশিক্ষণের তালিকা সংযোজিত হল।

১০) সংঘ গঠনের এক বছর পরে মূল্যায়ন করা খুব জরুরী। সংঘের মূল্যায়ন-পত্র রাজ্য স্তরে তৈরী করা হয়েছে এবং মূল্যায়ণের কাজটি ১৫টি পাইলট ব্লকে শুরু হয়েছে। এর একটি প্রতিলিপি "সংযোজনী--ক"-তে দেওয়া হল।

১১) মূল্যায়ণের পরে যে সকল সংঘ গ্রেড-- "এ" পর্যায়ে উন্নীত হবে তাদের সরাসরি পরিষেবা প্রদানের ব্যাপারে যুক্ত করতে হবে এবং অন্যান্য সংঘ যাতে গ্রেড-- "এ" পর্যায়ে উন্নীত হতে পারে এ বিষয়ে গ্রাম পঞ্চায়েত, ব্লক ও জেলাকে

উদ্যোগ নিতে হবে। সংঘগুলি গ্রেড-- "এ" পর্যায়ে উন্নীত হলে তারা সদস্য দলগুলিকে ক্ষুদ্র ঋণ দেওয়ার বিষয়ে উদ্যোগ নিতে পারবে। এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশ পরবর্তীকালে দেওয়া হবে।

১২) সংঘগুলি তাদের কাজকর্মের অগ্রগতি নির্ধারিত ফর্মে তিন মাস অন্তর ব্লকে জমা দেবে। এই ফর্মের প্রতিলিপিও "সংযোজনী--খ"-তে দেওয়া হল। ব্লকের দায়িত্ব হবে এই প্রতিবেদনগুলি সংযুক্ত করে একটি চূড়ান্ত প্রতিবেদন জেলা গ্রামোন্নয়ন সেলে পাঠানো এবং সঙ্গে সঙ্গে সংঘগুলির প্রতিবেদন বিশ্লেষণ করে দলগুলির চাহিদা এবং সমস্যা চিহ্নিত করে সেই মতো বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ ঘটানো।

১৩) যে সমস্ত পঞ্চায়েতে একাধিক সংঘ আছে সেগুলিকে পুর্নগঠন করা ঠিক হবে না। সেক্ষেত্রে সংঘগুলির পদাধিকারীদের নিয়ে একটি সমন্বয় কমিটি গঠন করে গ্রাম পঞ্চায়েতে তাদের কাজের দায়িত্ব ভাগ করে দিতে হবে। স্বনির্ভর দল সম্পর্কিত বিভিন্ন বিষয়ে সমন্বয় কমিটির সঙ্গে প্রয়োজনীয় আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।

১৪) সংঘ গঠন করার পরে যাতে সংঘ প্রতিনিধিদের বিভিন্ন উপ-সমিতিতে অন্তর্ভূক্ত করে এরজন্য প্রয়োজনীয় নির্দেশ ২৫-০৮-২০০৫ তারিখের ৫২২৩/এন./ও/১/১এ-১/০৩(পার্ট:-থ্রি) নং আদেশনামা গ্রাম পঞ্চায়েতগুলিকে দেওয়া হয়েছে এবং যাতে এটি কার্যকরী হয় এ বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

১৫) সংঘগুলি শক্তিশালী হলে পরবর্তীকালে ব্লক স্তরে সংঘগুলিকে একত্রিত করে মহাসংঘ গঠন করতে হবে। ইতিমধ্যে ১৫টি পাইলট ব্লকে মহাসংঘ গঠন করা হয়েছে। তবে মহাসংঘের শক্তি ও সামর্থ নির্ভর করবে শক্তিশালী সংঘের উপরে। যেহেতু এটি একটি প্রক্রিয়া-- কাজেই কার্যকরী সংঘ তৈরী করতে সময় প্রয়োজন। তাই তাড়াহুড়ো করে মহাসংঘ তৈরী না করে শক্তিশালী সংঘ তৈরীর উপরেই নজর দেওয়া প্রয়োজন। প্রতিটি স্তরে সংগঠন শক্তিশালী হলে তবেই স্বনির্ভর দলের আন্দোলনটি শক্তিশালী হবে।

আপনার বিশ্বস্ত

(মানবেন্দ্র মাথ রায়)
প্রধান সচিব

নং-২২৮৪(৩৭)/১(৩৭)-আর.ডি./এস.জি.এস.ওয়াই./২০-এম.-১৩/২০০৫ তারিখ ঃ ২৮ শে মার্চ, ২০০৭

অবগতিপত্র পাঠানো হচ্ছে ঃ

১) শ্রী বরুণ কুমার দাশগুপ্ত, যুগ্ম সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।

২-১৯) প্রকল্প অধিকর্তা, জেলা গ্রামোন্নয়ন শাখা,

............................................... জিলা / মহকুমা পরিষদ।
দার্জিলিঙ গোর্খা হিল কাউন্সিল।

(দিলীপ ঘোষ)
যুগ্ম সচিব

**সংযোজনী-ক**

# সংঘের মূল্যায়ন বা গ্রেডিং

সংঘ ঠিক মতো কাজকর্ম করছে কিনা তা খতিয়ে দেখার জন্য সংঘের মূল্যায়ন বা গ্রেডিং খুব জরুরী। সংঘ তৈরী হবার পর এক বছরের মধ্যে সংঘের গ্রেডিং হওয়া প্রয়োজন। এই মূল্যায়নে সংঘের দুর্বল দিকগুলি সঠিকভাবে চিহ্নিত করতে পারলে তবেই সংঘগুলিকে শক্তিশালী করার জন্য উদ্যোগ নেওয়া সহজ হবে। এই মূল্যায়ন করবেন মহাসংঘের প্রতিনিধি, ডি.আর.ডি.সি-র প্রতিনিধি, ব্লক নোডাল অফিসার এবং ব্যাঙ্কের প্রতিনিধি (ঐচ্ছিক)।

সংঘের মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত সূচকগুলির কথা ভাবা হয়েছে।

## সংঘ মূল্যায়নের সূচক ঃ

### ১. পরিচালন ব্যবস্থা (মোট নম্বর ঃ ২০)

- সংঘের বার্ষিক সভা হয় কি না ?
- সংঘের পরিচালন সমিতির সভা নিয়মিত হয় কি না ?
- সংঘের সভায় পরিচালন সমিতির সদস্যদের উপস্থিতি কেমন ?
- সংঘের লিখিত নিয়মকানুন আছে কি না ?
- সংঘের মাসিক চাঁদা সদস্য দলগুলি নিয়মিত দেয় কি না ?
- সংঘ সম্পর্কে সদস্য দলগুলির ধারণা আছে কি না ?
- সংঘের কাজকর্ম সম্বন্ধে সদস্য দলগুলি ওয়াকিবহাল কিনা ?

### ২. হিসাব ও তথ্য ব্যবস্থাপনা (মোট নম্বর ঃ ১৫)

- সংঘের খাতাপত্র কতটা সম্পূর্ণ আছে ?
- সদস্য দলগুলির সদস্যদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থান সংক্রান্ত তথ্য আছে কি না ?
- সদস্য দলগুলির অগ্রগতির তথ্য সংগ্রহ করা হয় কি না ?
- সংঘের ত্রৈমাসিক অগ্রগতির তথ্য ব্লকে জমা দেওয়া হয় কি না ?

### ৩. স্বনির্ভর দলের তদারকি ও মূল্যায়ন (মোট নম্বর ঃ ২০)

- তদারকির নির্দিষ্ট কোন সূচক আছে কি না ?
- নির্দিষ্ট সময় ব্যবধানে তদারকি হয় কি না ?
- সদস্য দলগুলির খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে কি না ?
- সদস্য দলগুলির আভ্যন্তরীণ মূল্যায়ন করা হয় কি না ?
- সদস্য দলগুলির গুনগত মানের উন্নতি হচ্ছে কিনা ? (১ম ও ২য় গ্রেডিং)

### ৪. স্বনির্ভর দলগুলির জন্য প্রশিক্ষণ (মোট নম্বর ঃ ১০)

- সদস্য দলগুলির প্রশিক্ষণের চাহিদা নিরূপন করে কি না ?
- দুর্বল দলগুলির জন্য সংঘ কোন প্রশিক্ষণের ব্যবস্থা করে কি না ?
- চাহিদা অনুযায়ী সদস্য দলগুলির জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের উদ্যোগ নেয় কিনা ?

## ৫. স্বনির্ভর দলগুলির জন্য পরিষেবা (মোট নম্বর ঃ ১০)

- সদস্য দলগুলির জন্য ব্যাঙ্কের সঙ্গে সংযোগ।
- সদস্য দলগুলির জন্য পঞ্চায়েত ও ব্লকের সঙ্গে সংযোগ।
- সদস্য দলগুলির জন্য অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ।
- সদস্য দলগুলির উৎপাদিত দ্রব্য বিপননের জন্য কোন উদ্যোগ বা সহযোগিতা করেছে কিনা ?

## ৬. সামাজিক কাজ (মোট নম্বর ঃ ১৫)

**(বিস্তারিত আলাদাভাবে দেওয়া হল)**

- স্বাস্থ্য বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ।
- শিক্ষা বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ।
- সুস্থ পরিবেশ রক্ষার্থে পদক্ষেপ গ্রহণ।
- নারীদের বিরুদ্ধে সামাজিক অন্যায়ের প্রতিবাদ।
- অন্যান্য।

## ৭. আত্ম-নির্ভরশীলতা (মোট নম্বর ঃ ১০)

- কর্মপরিচালনায় অপরের উপর নির্ভরশীলতা।
- সদস্য দলগুলির চাহিদা অনুযায়ী ষাণ্মাসিক/বার্ষিক পরিকল্পনা তৈরী।
- আর্থিক স্বনির্ভরশীলতার জন্য পদক্ষেপ গ্রহণ।

সংঘের মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়নপত্রের নমুনা পরের পাতায় দেওয়াহল।

# সংঘ মূল্যায়ন পত্র

সংঘের নাম ঃ ..................................................................... ঠিকানা ঃ .............................................................

সংঘের পদাধিকারীদের নাম ঃ- সভানেত্রী ঃ কোষাধক্ষা ঃ সম্পাদিকা ঃ

| সূচক | অবস্থা | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. পরিচালন ব্যবস্থা (মোট নম্বর ঃ ২০) | | | |
| সংঘের বার্ষিক সভা হয় কি না ? | সংঘের নিয়মিত বার্ষিক সভা হয় এবং আয়-ব্যয়ের হিসেব ও বার্ষিক পরিকল্পনা সভার অনুমোদনের জন্য পেশ করা হয় এবং সদস্যদের উপস্থিতির হার ৮০ শতাংশের উপরে । | ৪ | |
| | সংঘের নিয়মিত বার্ষিক সভা হয় কিন্তু উপস্থিতির হার ৬০-৮০ শতাংশ এবং আয়-ব্যয়ের হিসেব ও বার্ষিক পরিকল্পনা পেশ করা হয় না। | ৩ | |
| | সংঘের নিয়মিত বার্ষিক সভা হয় কিন্তু সদস্যদের উপস্থিতির হার ৬০ শতাংশের নীচে এবং আলোচনাও সম্পূর্ণ নয়। | ২ | |
| | সংঘের নিয়মিত বার্ষিক সভা হয় না। | ০ | |
| সংঘের পরিচালন সমিতির সভা নিয়মিত হয় কি না ? | নিয়মিত হয় এবং সদস্য দলগুলির সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা হয়। | ৩ | |
| | সভা মাসে দুইবার হয় এবং দলগুলির অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | ২ | |
| | সভা মাসে দুইবার হয় কিন্তু দলগুলির অগ্রগতি সম্পর্কে আলোচনা হয় না। | ১ | |
| | পরিচালন সমিতির সভা নিয়মিত হয় না। | ০ | |
| সংঘের সভায় পরিচালন সমিতির সদস্যদের উপস্থিতি কেমন ? | নির্ধারিত সংখ্যা অনুযায়ী ৯১ শতাংশ - ১০০ শতাংশ | ৩ | |
| | নির্ধারিত সংখ্যা অনুযায়ী ৭০ শতাংশ - ৯০ শতাংশ | ২ | |
| | নির্ধারিত সংখ্যা অনুযায়ী ৭০ শতাংশের কম | ১ | |
| সংঘের লিখিত নিয়মকানুন আছে কি না ? | লিখিত নিয়মকানুন আছে। | ৩ | |
| | নিয়মকানুন আছে কিন্তু লিখিত নেই। | ১ | |
| | নিয়মকানুন নেই। | ০ | |
| সংঘের মাসিক চাঁদা সদস্য দলগুলি নিয়মিত দেয় কি না ? | সকলে নিয়মিত চাঁদা দেয়। | ২ | |
| | সকলে মাসিক চাঁদা দেয় কিন্তু নিয়মিত দেয় না। | ১ | |
| | বেশীর ভাগ সদস্য দলগুলি চাঁদা দেয় না। | ০ | |
| সংঘ সম্পর্কে সদস্য দলগুলির ধারনা ? | সংঘ সম্পর্কে সকল সদস্য দলগুলির ধারনা আছে। | ২ | |
| | সংঘ সম্পর্কে বেশীরভাগ সদস্য দলগুলির ধারনা নেই। | ০ | |
| সংঘের কাজকর্ম সম্বন্ধে সদস্য দলগুলি ওয়াকিবহাল কিনা ? | সংঘের কাজকর্ম সম্পর্কে সকল সদস্য দলগুলির জানা আছে। | ৩ | |
| | সংঘের কাজকর্ম সম্পর্কে ৬০ শতাংশের বেশী সদস্য দলগুলির জানা আছে। | ২ | |
| | সংঘের কাজকর্ম সম্পর্কে ৬০ শতাংশের কম সদস্য দলগুলির জানা আছে। | ১ | |
| মোট | | ২০ | |
| ২. হিসাব ও তথ্য ব্যবস্থাপনা (মোট নম্বর ঃ ১৫) | | | |
| সংঘের খাতাপত্র কতটা সম্পূর্ণ আছে ? | খাতাপত্র সঠিকভাবে লেখা আছে। | ৪ | |
| | খাতাপত্র সঠিকভাবে লেখা নেই। | ২ | |
| | নির্ধারিত সব খাতাপত্র নেই। | ১ | |
| সদস্য দলগুলির সদস্যদের সামাজিং ও অর্থনৈতিক অবস্থান সংক্রান্ত তথ্য আছে কিনা ? | তথ্য আছে ও নিয়মিত হালনাগাদ করা হয়। | ৩ | |
| | তথ্য আছে ও নিয়মিত হালনাগাদ করা হয় না। | ১ | |
| | তথ্য সংগ্রহ ও সংক্রান্ত কোন ব্যবস্থা নেই। | ০ | |
| সদস্য দলগুগুলির অগ্রগতির তথ্য সংগ্রহ করা হয় কি না ? | তথ্য নিয়মিত সংগ্রহ করা হয় ও সেগুলি বিশ্লেষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়।। | ৩ | |
| | তথ্য নিয়মিত সংগ্রহ করা হয়। | ২ | |
| | তথ্য মাঝেমধ্যে সংগ্রহ করা হয়। | ১ | |
| | তথ্য সংগ্রহ করা হয় না। | ০ | |
| | | | |
| সংঘের ত্রৈমাসিক অগ্রগতির তথ্য ব্লকে | ত্রৈমাসিক অগ্রগতির তথ্য নিয়মিত জমা করা হয়। | ৫ | |

| | | | |
|---|---|---|---|
| জমা দেওয়া হয় কি না ? | ত্রৈমাসিক অগ্রগতির তথ্য মাঝেমধ্যে জমা করা হয়। | ২ | |
| | ত্রৈমাসিক অগ্রগতির তথ্য জমা করা হয় না। | ০ | |
| মোট | | ১৫ | |

| ৩. স্বনির্ভর দলের তদারকি ও মূল্যায়ণ (মোট নম্বর ঃ ২০) | | | |
|---|---|---|---|
| তদারকির নির্দিষ্ট কোন সূচক আছে কিনা ? | তদারকির জন্য নির্দিষ্ট সূচক আছে। | ২ | |
| | তদারকির জন্য নির্দিষ্ট সূচক নেই। | ০ | |
| নির্দিষ্ট ব্যবধানে তদারকি হয় কি না ? | নির্দিষ্ট ব্যবধানে তদারকি করা হয়। | ৫ | |
| | প্রয়োজনে তদারকি করা হয়। | ৩ | |
| | তদারকি করার ব্যবস্থা নেই। | ০ | |
| সদস্য দলগুলির খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে কি না ? | ৮১ শতাংশ - ১০০ শতাংশ দল সবকটি খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে। | ৫ | |
| | ৬১ শতাংশ - ৮০ শতাংশ দল সবকটি খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে। | ৩ | |
| | ৩০ শতাংশ - ৬০ শতাংশ দল সবকটি খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে। | ১ | |
| | ৩০ শতাংশের কম দল সবকটি খাতাপত্র যথাযথ রক্ষণাবেক্ষণ করে। | ০ | |
| সদস্য দলগুলির আভ্যন্তরীণ মূল্যায়ন করা হয় কি না ? | দলগুলির আভ্যন্তরীণ মূল্যায়ন নিয়মিত করা হয়। | ৩ | |
| | দলগুলির আভ্যন্তরীণ মূল্যায়ন মাঝেমধ্যে করা হয়। | ১ | |
| | দলগুলির আভ্যন্তরীণ মূল্যায়নের ব্যবস্থা নেই। | ০ | |
| সংঘ গঠনের পরে সদস্য দলগুলির গুনগত মান বৃদ্ধি হয়েছে কিনা ? | সংঘ গঠনের পরে ৮০%-এর বেশী দলগুলি ১ম গ্রেডিং পাশ করেছে। | ৩ | |
| | সংঘ গঠনের পরে ৫১% - ৮০%-এর বেশী দলগুলি ১ম গ্রেডিং পাশ করেছে। | ২ | |
| | সংঘ গঠনের পরে ৫০ %-এর কম দলগুলি ১ম গ্রেডিং পাশ করেছে। | ১ | |
| | সংঘ গঠনের পরে একটি দলও ১ম গ্রেডিং পাশ করেনি। | ০ | |
| | ৭০ %-এর বেশী দলগুলি ২য় গ্রেডিং পাশ করেছে। | ২ | |
| | ৭০ %-এর কম দলগুলি ২য় গ্রেডিং পাশ করেছে। | ১ | |
| | একটি দলও ২য় গ্রেডিং পাশ করেনি। | ০ | |
| মোট | | ২০ | |
| **৪. স্বনির্ভর দলগুলির জন্য প্রশিক্ষণ (মোট নম্বর ঃ ১০)** | | | |
| সংঘ সদস্য দলগুলির প্রশিক্ষণের চাহিদা নিরূপন করে কি না ? | ৭১ শতাংশ-১০০ শতাংশ দলগুলির চাহিদা নিরূপন করতে পেরেছে। | ৩ | |
| | ৫০ শতাংশ-৭০ শতাংশ দলগুলির চাহিদা নিরূপন করতে পেরেছে। | ২ | |
| | ৫০ শতাংশের কম দলগুলির চাহিদা নিরূপন করতে পেরেছে। | ১ | |
| দুর্বল দলগুলির জন্য সংঘ নিজে কোন প্রশিক্ষণের ব্যবস্থা করে কি না ? | দুর্বল দলগুলির জন্য সংঘের সদস্যরা প্রশিক্ষণ দেয়। | ৩ | |
| | দুর্বল দলগুলির জন্য সংঘ প্রশিক্ষণের ব্যবস্থা করে। | ২ | |
| | দুর্বল দলগুলির জন্য প্রশিক্ষণের ওপর কোন গুরুত্ব দেওয়া হয় না। | ০ | |
| প্রয়োজন অনুযায়ী দলগুলির জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের উদ্যোগ নেয় কি না ? | বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য উদ্যোগ নেয় ও ৭১ - ১০০ শতাংশ দলের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পেরেছে। | ৪ | |
| | বৃত্তিমূলক প্রশিক্ষণের উদ্যোগ নেয় ও ৫০ - ৭০ শতাংশ দলের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পেরেছে। | ৩ | |
| | বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য উদ্যোগ নেয় ও ৫০ শতাংশের কম দলের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পেরেছে। | ২ | |
| | বৃত্তিমূলক প্রশিক্ষণের কোন ব্যবস্থা করেনি। | ০ | |
| মোট | | ১০ | |
| **৫. স্বনির্ভর দলগুলির জন্য পরিষেবা (মোট নম্বর ঃ ১০)** | | | |
| সদস্য দলগুলির জন্য ব্যাঙ্কের সঙ্গে সংযোগ। | সদস্য দলগুলির জন্য ব্যাঙ্কের সঙ্গে নিয়মিত সংযোগ রক্ষা করে। | ২ | |
| | সদস্য দলগুগুলির জন্য ব্যাঙ্কের সঙ্গে কোন সংযোগ নেই। | ০ | |
| সদস্য দলগুলির জন্য পঞ্চায়েত ব্লকের বিভাগগুলির সঙ্গে সংযোগ। | পঞ্চায়েত ও ব্লকের সঙ্গে নিয়মিত সংযোগ রক্ষা করে। | ৩ | |
| | পঞ্চায়েত ও ব্লকের সঙ্গে নিয়মিত সংযোগ রক্ষা করে না। | ০ | |

| | | | |
|---|---|---|---|
| অন্যান্য দপ্তরের/প্রতিষ্ঠানের সঙ্গে সংযোগ। | কিছু করলে অবশ্যই উল্লেখ করে নম্বর দেবেন। | ২ | |
| সদস্য দলগুলির উৎপাদিত দ্রব্য বিপননের জন্য কোন উদ্যোগ বা সহযোগিতা করছে কিনা ? | উদ্যোগ নেওয়া বা সহযোগিতা করা হয়। | ৩ | |
| | উদ্যোগ নেওয়া বা সহযোগিতা করার পরিকল্পনা আছে | ২ | |
| | উদ্যোগ নেওয়া বা সহযোগিতা করার পরিকল্পনা নেই | ০ | |
| মোট | | ১০ | |
| **৬. সামাজিক কাজ (মোট নম্বর ঃ ১৫)** | | | |
| স্বাস্থ্য বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ। | স্বাস্থ্য বিষয়ক কর্মসূচীতে সক্রিয় অংশগ্রহণ করে। | ৩ | |
| | স্বাস্থ্য বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ করে না। | ০ | |
| শিক্ষা বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ। | শিক্ষা বিষয়ক কর্মসূচীতে সক্রিয় অংশগ্রহণ করে। | ৩ | |
| | শিক্ষা বিষয়ক কর্মসূচীতে অংশগ্রহণ করে না। | ০ | |
| সুস্থ পরিবেশ রক্ষার্থে পদক্ষেপ গ্রহণ। | সুস্থ পরিবেশ রক্ষার্থে পদক্ষেপ নেয়। | ৪ | |
| | সুস্থ পরিবেশ রক্ষার্থে পরিকল্পনা নেওয়া হয়েছে। | ২ | |
| | সুস্থ পরিবেশ রক্ষার্থে কোন পরিকল্পনা নেই। | ০ | |
| নারীদের বিরুদ্ধে সামাজিক অন্যায়ের প্রতিবাদ করছে কিনা । | নারী লাঞ্ছনার বিরুদ্ধে প্রতিবাদ করে। | ৩ | |
| | নারী লাঞ্ছনার বিরুদ্ধে কোন ভূমিকা নেই। | ০ | |
| অন্যান্য | কিছু করলে অবশ্যই উল্লেখ করে নম্বর দেবেন। | ২ | |
| মোট | | ১৫ | |
| **৭. আত্ম-নির্ভরশীলতা (মোট নম্বর ঃ ১০)** | | | |
| কর্মপরিচালনায় অপরের উপর নির্ভরশীলতা। | কর্ম পরিচালনায় অপরের ওপর নির্ভরশীল নয়। | ৩ | |
| | কর্ম পরিচালনায় অপরের ওপর নির্ভরশীল। | ১ | |
| চাহিদা অনুযায়ী ষান্মাসিক/বার্ষিক পরিকল্পনা তৈরী। | চাহিদা অনুযায়ী ষান্মাসিক/বার্ষিক পরিকল্পনা তৈরী করে। | ৩ | |
| | নির্দিষ্ট পরিকল্পনা নেই, তবে যখন যেমন দরকার সেই অনুযায়ী কাজ করে। | ২ | |
| | কাজকর্ম অনিয়মিত। | ০ | |
| আর্থিক স্বনির্ভরতার জন্য পদক্ষেপ গ্রহণ। | আর্থিক স্বনির্ভরতার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। (*) | ৪ | |
| | আর্থিক স্বনির্ভরতার জন্য পরিকল্পনা আছে। | ৩ | |
| | আর্থিক স্বনির্ভরতার জন্য কোন পরিকল্পনা নেই। | ০ | |
| মোট | | ১০ | |
| সর্বমোট | | ১০০ | |

* (এ বিষয়ে কি কি উদ্যোগ নিয়েছে তা বিস্তারিতভাবে আলাদা করে লিখতে হবে)

১।...................................................

২।...................................................

৩।...................................................

তারিখ ঃ ...................................

৪।...................................................

(মূল্যায়নকারী সদস্যদের স্বাক্ষর)

প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সংঘের গুনগত অবস্থান

| | | | |
|---|---|---|---|
| ভালো | ঃ ৮১% | - ১০০% | (A) |
| মোটামুটি | ঃ ৬০% | - ৮০% | (B) |
| দুর্বল | ঃ ৬০% | -এর নীচে | (C) |

গ্রেডিং টীম-এর মতামত ঃ

# পঞ্চায়েত সমিতি ভিত্তিক সংঘের মূল্যায়ন পত্র (ছক নং- ২)

**ব্লকের নাম ঃ ....................................... জেলার নাম ঃ ......................................................**

| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক সংখ্যা | সংঘের নাম | পঞ্চায়েতের নাম | পরিচালন ব্যবস্থা ২০ | | হিসাব ও তথ্য ব্যবস্থাপনা ১৫ | | স্বনির্ভর দবের তদারকি ও মূল্যায়ন ২০ | | স্বনির্ভর দলগুলির জন্য প্রশিক্ষণ ১০ | | স্বনির্ভর দলগুলির জন্য পরিষেবা ১০ | | সামাজিক কাজ ১৫ | | আত্ম-নির্ভরশীলতা ১০ | | মোট নম্বর ১০০ |
| | | | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | প্রাপ্ত নম্বর | মুখ্য দুর্বলতা | |
| | | | | | | | | | | | | | | | | | |
| ১ | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | | | | |

**স্বাক্ষর ঃ**

তারিখ ঃ

## সংঘের সামাজিক কাজকর্মগুলি হবে ঃ-

**(ক)** স্বাস্থ্য বিষয়ক ঃ

(১) মায়েরা হাসপাতাল / অভিজ্ঞ দাইয়ের সাহায্যে শিশুর জন্ম দিচ্ছেন কি না ?

(২) মায়েরা প্রসবের আগে প্রয়োজনীয় টিকা নিচ্ছেন এবং আয়রন ট্যাবলেট খাচ্ছেন কি না ?

(৩) প্রতি পরিবারের মা পিছু শিশুর সংখ্যা কত তার হিসাব রাখছে কিনা ?

(৪) স্বনির্ভর দলের সদস্যদের পরিবারে জন্মের সময় শিশুর ওজন নেওয়া হচ্ছে কিনা । ঐ ওজন ২.৫ কি.গ্রা.-র কম হলে কী করণীয় সে সম্পর্কে দলের সদস্যরা ওয়াকিবহাল কিনা ?

(৫) শিশুর জন্মের পর থেকে অন্তত ছয় মাস পর্যন্ত কেবলমাত্র মায়ের দুধ খাওয়ানোর বিষয়ে দলের সদস্যরা অবহিত আছেন কিনা ?

(৬) প্রতি পরিবারে শৌচাগার আছে কিনা এবং তা ব্যবহার হচ্ছে কিনা ইত্যাদি ?

**(খ)** শিক্ষা বিষয়ক ঃ

(১) ৫ - ১৪ বছর বয়সের শিশুরা স্কুলে / শিশু শিক্ষাকেন্দ্রে নিয়মিত যাচ্ছে কিনা বা স্কুল ছুট হচ্ছে কিনা ?

(২) ৫ বছরের কম বয়সের শিশুরা আই.সি.ডি.এস. কেন্দ্রে যাচ্ছে কিনা ইত্যাদি ?

**(গ)** নারীদের বিরুদ্ধে সামাজিক অন্যায়ের প্রতিবাদ করা ঃ

(১) সামাজিক অন্যায়ের বিরুদ্ধে মেয়েরা জোট বেঁধে প্রতিবাদ করতে পারছে কিনা ?

(২) এলাকায় ১৮ বছরের কম বয়সী মেয়েদের বিয়ে বন্ধ করার জন্য সচেষ্ট হচ্ছে কিনা ?

(৩) পন প্রথার বিরুদ্ধে মেয়েরা লড়াই করছে কিনা ?

(৪) মদের ভাটিখানা ইত্যাদি সামাজিক কুকর্মের জায়গাগুলিকে ভেঙে ফেলার ব্যাপারে মেয়েরা জোট বেঁধে সচেষ্ট হয়েছে কিনা ইত্যাদি ?

## সংঘের ত্রৈমাসিক অগ্রগতির রিপোর্ট

১. সংঘের নাম ঃ

২. গ্রাম পঞ্চায়েতের নাম ঃ

৩. ব্লকের নাম ঃ

৪. সদস্য দলের সংখ্যা ঃ

৫. মোট সদস্য সংখ্যা ঃ

৬. সদস্য দলগুলির মোট সঞ্চয়ের পরিমান ঃ

৭. গত তিন মাসে প্রথম মূল্যায়ণে পাশ করেছে এমন দলের সংখ্যা ঃ

৮. এ পর্যন্ত প্রথম মূল্যায়ণে পাশ করেছে এমন দলের সংখ্যা ঃ

৯. গত তিন মাসে দ্বিতীয় মূল্যায়ণে পাশ করেছে এমন দলের সংখ্যা ঃ

১০. এ পর্যন্ত দ্বিতীয় মূল্যায়ণে পাশ করেছে এমন দলের সংখ্যা ঃ

১১. মোট কতগুলি দল আবর্তিত তহবিল পেয়েছে ঃ

১২. ব্যাঙ্ক ঋণ পেয়েছে এমন দলের সংখ্যা ঃ

(ক) ক্যাশ ক্রেডিট ক'টি দল পেয়েছে

(খ) প্রকল্প ঋণ ক'টি দল পেয়েছে

১৩. মোট কত জন সদস্য দল থেকে ঋণ নিয়েছেন ঃ

১৪. কতজন সদস্য ঋণ নিয়মিত শোধ করছেন না ঃ

১৫. কতগুলি দল নিয়মিত মিটিং করছে ঃ

১৬. দলীয় মিটিং-এ উপস্থিতির হার ঃ

১৭. পরিচালন সমিতির কত জন সদস্যা প্রশিক্ষণ নিয়েছে ঃ গত তিন মাসে

এ পর্যন্ত

১৮. সদস্য দলগুলির কত জন সদস্যা হিসেব রক্ষণ/দল পরিচালনার প্রশিক্ষণ পেয়েছেন ঃ গত তিন মাসে
এ পর্যন্ত

১৯. সদস্য দলগুলির কত জন সদস্যা দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ পেয়েছেন ঃ গত তিন মাসে এ পর্যন্ত

২০. কি কি বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ নিয়েছেন ঃ বিষয় গ্রুপের সংখ্যা

২১. কি কি বিষয়ে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের চাহিদা আছে ঃ বিষয় গ্রুপের সংখ্যা

২২. সংঘের গড় মাসিক আয় ঃ

২৩. সংঘের গড় মাসিক ব্যয় ঃ

২৪. সংঘের মোট তহবিলের পরিমান ঃ

২৫. সংঘের সদস্য দলগুলির মোট তহবিলের পরিমাণঃ

২৬. গত তিন মাসে সংঘের কটি মিটিং হয়েছে ঃ

২৭. কোন সদস্য দলের কোন রকম অসুবিধা হচ্ছে কিনা ? হলে কি ধরণের অসুবিধা হচ্ছে এবং সংঘ কি ব্যবস্থা নিয়েছে বা নিচ্ছে তা লিখুন ঃ

২৮. সংঘ গত তিন মাসে কোন সামাজিক কাজে অংশ গ্রহণ করেছে কি না ? হ্যাঁ/না লিখুন হ্যাঁ হলে কি ধরণের কাজ করেছে লিখুন ঃ

২৯. সংঘ গত তিন মাসে কতগুলি সদস্য দলের তদারকি করতে পেরেছে ঃ

৩০. সংঘ পঞ্চায়েতের কোন কাজে (যেমন মিটিং, কর্মশালা, শিক্ষামূলক ভ্রমণে ইত্যাদিতে) অংশ গ্রহণ করেছে কি না লিখুন। হ্যাঁ হলে কি ধরণের কাজ করেছে লিখুন ঃ

সম্পাদিকার স্বাক্ষর

এই রিপোর্ট সংঘ তিন মাসে একবার ব্লকে জমা দেবে।

সংযোজনী--গ

## সংঘ ও উপসংঘ গঠনে প্রশিক্ষণ তালিকা ঃ

১) রাজ্য স্তরে প্রকল্প অধিকর্তা এবং জেলা নোডাল অফিসারের প্রশিক্ষণ --
মেয়াদ-- ২ দিন

২) ব্লক উন্নয়ন আধিকারিক, যুগ্ম আধিকারিক, ব্লক নোডাল অফিসার, পঞ্চায়েত সমিতি সভাপতি, শিশু ও নারী উন্নয়ন জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষা, গ্রাম পঞ্চায়েত প্রধান, নির্বাহী সহায়ক, শিশু ও নারী উন্নয়ন ও সমাজকল্যাণ উপসমিতির সঞ্চালিকার ও সংশ্লিষ্ট অন্যান্য স্থায়ী সমিতি নিয়ে আলোচনা সভা--
মেয়াদ-- ১ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল / D.R.D.C.

৩) জেলা স্তরে ব্লক নোডাল অফিসার ও শিশু ও নারী উন্নয়ন জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষার প্রশিক্ষণ --
মেয়াদ-- ২ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।

৪) ব্লক স্তরে গ্রাম পঞ্চায়েতের নির্বাহী সহায়ক এবং শিশু ও নারী উন্নয়ন সমাজকল্যাণ উপসমিতির সঞ্চালিকার প্রশিক্ষণ--
মেয়াদ-- ২ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।

৫) গ্রাম পঞ্চায়েত স্তরে উপসংঘের সভানেত্রী ও সম্পাদিকার প্রশিক্ষণ--
মেয়াদ ১ দিন প্রশিক্ষক-- ব্লক নোডাল অফিসার / ব্লক স্তরের প্রশিক্ষক দল।

৬) গ্রাম পঞ্চায়েত স্তরে সংঘের পরিচালন সমিতির সদস্যাদের প্রশিক্ষণ --
মেয়াদ ১ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।
৬ মাস পরে আর একবার প্রশিক্ষণ।

৭) ব্লক স্তরে সংঘের পদাধিকারীদের প্রশিক্ষণ --
মেয়াদ-- ৩ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।

৮) জেলা স্তরে সংঘ সদস্যাদের প্রশিক্ষকের প্রশিক্ষণ --
মেয়াদ-- ৫ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।

৯) গ্রাম পঞ্চায়েত স্তরে সদস্য দলের ৩ জন সদস্যার প্রশিক্ষণ --
মেয়াদ-- ২ দিন প্রশিক্ষক-- সংঘ।

১০) ব্লক স্তরে গ্রুপ প্রোমোটারের প্রশিক্ষণ --
মেয়াদ-- ৩ দিন প্রশিক্ষক-- জেলা প্রশিক্ষক দল।